ফাইল!

দৈনিক সংবাদ

তারিখ 09 FEB 1987
পৃষ্ঠা ... কলাম 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# ১২টি স্কুলের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

(নিজস্ব বার্তা পরিবেশক)

বোর্ডের নিয়ম ও নির্দেশ লংঘন করে ১৯৮৬ সনে অনুষ্ঠিত মাধ্যমিক পরীক্ষায় অবৈধভাবে ছাত্রছাত্রীদের অংশ গ্রহণ করানোর দায়ে ঢাকা বোর্ড কর্তৃপক্ষ ১২টি হাই স্কুলের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন।

সম্প্রতি অনুষ্ঠিত ঢাকা বোর্ডের পরীক্ষা কমিটির এক সভায় বিভিন্ন অভিযোগে এই ১২টি স্কুলের সকল শিক্ষক-শিক্ষয়িত্রীকে আসন্ন ১৯৮৭ সনের মাধ্যমিক পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজকর্ম থেকে বিরত রাখার নির্দেশ দেয়া হয়েছে। ইতিপূর্বে এই সকল স্কুলের প্রধান শিক্ষকদেরকে তাঁদের চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছিল। যে সকল স্কুলের শিক্ষকদের বিরুদ্ধে এই শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে সে স্কুলগুলো হচ্ছে কালিগঞ্জ জনতা উচ্চ বিদ্যালয়, গাজীপুর গাছা উচ্চ বিদ্যালয়, মীর্জাপুর গোড়ামারা গোহালবাড়ী সবুজসেনা উচ্চ বিদ্যালয়, কমলাকান্দা লেংগুরা উচ্চ বিদ্যালয়, সাভার ইছরকান্দি উচ্চ বিদ্যালয়, নরসিংদী খড়িয়া উচ্চ বিদ্যালয়, নরসিংদী ব্রাহ্মণদী উচ্চ বিদ্যালয়, নেত্রকোনা জাহাংগীরপুর টি, আমিন উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ হাজী ওসমান আলী উচ্চ বিদ্যালয়, নেত্রকোণা বানিয়াজান সিটি উচ্চ বিদ্যালয়, পাকুন্দিয়া শিমুলিয়া উচ্চ বিদ্যালয় ও বন্দর কুড়িপাড়া উচ্চ বিদ্যালয়।

একটি নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে যে, উল্লেখিত স্কুলগুলোর

(শেষ পৃ: ৬-এর ক: দ্র:)

## ১২টি স্কুল

(১ম পাতার পর)

বিরুদ্ধে আরো কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতি বোর্ড কর্তৃপক্ষ সুপারিশ পাঠিয়েছে। এই সুপারিশের মধ্যে সরকারী অনুদান বন্ধ করে দেয়ার বিষয়টিও অন্তর্ভুক্ত আছে।